## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্য বিবরণী ঃ-

সভাপতি ঃ মোছাঃ আঞ্জুমনোয়ারা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
ফুলছড়ি,গাইবান্ধা।
সভার তারিখ ঃ ২৪/১০/২০২২খ্রিঃ
সভার সময় ঃ-সকাল ১০.৩০ মিঃ।
সভার স্থান ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

উপস্থিতি অনুযায়ী হাজিরা "ক" পরিশিষ্ট

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে মহিলা ও শিশু উন্নয়ন কমিটির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, তাঁর দপ্তরে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এবং ভাব্র টিসির মাধ্যমে ৩মাস অন্তর, অন্তর প্রশিক্ষনার্থী নিয়োগ করে তাদের দর্জি বিজ্ঞান এবং হস্তশিল্পের উপর প্রশিক্ষণ প্রদান করে মহিলাদের আয়বর্ধক কর্মকান্ডের সুযোগ করে দিচ্ছেন। সদস্য সচিব উপজেলা পর্যায়ে সকল শিক্ষক এবং শিক্ষার্থীদের পিতা-মাতা/অভিভাবকগণকে নিয়ে শিশুর শারিরীক ও মানুষিক বিকাশ, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, শিশু শ্রম বন্ধ বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন।

সকল ইউপি চেয়ারম্যানগণ জানান শিশু শ্রম বন্ধ সহ বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সোচ্চার আছেন বলে অভিমত ব্যাক্ত করেন।

সভাপতি মহোদয় জানান অত্র উপজেলায় যে,সকল দপ্তর মহিলাদের নিয়ে কাজ করেন যথা তথ্য আপা, পল্লী উন্নয়ন এদের মাধ্যমে উঠান বৈঠক করে শিশু শ্রম বন্ধ ও মহিলা উন্নয়নে দিক নির্দেশনা দেয়ার পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্তঃ ১। সামাজিকভাবে ও পিতা-মাতা/অভিভাবকগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ আঞ্জুমনোয়ারা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলছড়ি,গাইবান্ধা।

স্মারক নং ঃ- ৩২.০১.৩২২১.০০০.১৪.০০১.২২- ২১৬

তারিখ ঃ- ২৪/১০/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ফুলছড়ি,গাইবান্ধা।
২। উপজেলা নির্বাহী অফিসার,ফুলছড়ি,গাইবান্ধা।

(মোছাঃ পাপিয়া সুলতানা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।